# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৩১. বনু ‘আব্স প্রতিনিধি দল (وفد بني عَبْس)

রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর চার মাস পূর্বে ৯ সদস্যের এই প্রতিনিধি দলের আগমন ঘটে। এরা ছিল নাজরান এলাকার খ্রিষ্টান বাসিন্দা এবং তারা মুসলমান হয়েই মদীনায় আসে।

রাসূলুল্লাহ (ছাঃ)-কে তারা জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! আমাদের বিদ্বানগণ (قُرَّاؤُنَا) আগেই এসেছিলেন। অতঃপর তারা আমাদের খবর দিয়েছেন যে, আপনি বলেছেন,لاَ إِسْلاَمَ لِمَنْ لاَ هِجْرَةَ لَهُ ‘যার হিজরত নেই, তার ইসলাম নেই’। সেকারণ আমরা চাই যে, আমাদের মাল-সম্পদ, গবাদি পশু সব বিক্রি করে দিয়ে পরিবার-পরিজন সহ মদীনায় হিজরত করে আসি এবং আপনার সাহচর্যে জীবন কাটিয়ে দিই’। রাসূল (ছাঃ) বললেন,اتَّقُوا اللهَ حَيْثُ كُنْتُمْ فَلَنْ يَلِتَكُمْ مِنْ أَعْمَالِكُمْ شَيْئًا ‘যেখানে তোমরা আছ, সেখানে থেকেই আল্লাহকে ভয় কর। তোমাদের নেক আমলের ছওয়াবে কোনই কমতি হবে না’।[1]

*[শিক্ষণীয় : মুসলমান যেখানেই থাকে, সেখানেই আল্লাহর বিধান মেনে চলে। বিশেষ কোন স্থানে বসবাস করা আবশ্যিক নয়। অবশ্য দ্বীনের স্বার্থে হিজরত ক্বিয়ামত পর্যন্ত জারী থাকবে (বুখারী হা/২৭৮৩)।]*

## ফুটনোট

[1]. রহমাতুল্লিল ‘আলামীন ১/১৮১; শারহুল মাওয়াহেব ৫/২২৪; যাদুল মা‘আদ ৩/৫৮৫। মানছূরপুরী এখানে বনু ‘আব্স (بَنُو عَبْس)–এর বদলে বনু ‘আয়েশ (بنو عيش) লিখেছেন। সম্ভবতঃ এটি মুদ্রণ জনিত ভুল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন